**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)**
**টঙ্গী শাখা, টঙ্গী, গাজীপুর।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩-এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, টঙ্গী শাখা,** ঠিকানা- ১৮, এস.কে. মান্নান টাওয়ার, চেরাগ আলী, টঙ্গী, গাজীপুর -এর **ঋণগ্রহীতা মেসার্স কামাল এন্টারপ্রাইজ,** স্বত্বাধিকারী মোঃ মাসুদ রানা, পিতাঃ শেখ মোঃ কামাল হোসেন, আবাসিক ঠিকানাঃ ১৫/১, হাসান লেন, দত্তপাড়া, ইসলামপুর, টঙ্গী, গাজীপুর; কর্তক গহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত **০৪/০৫/২০২৬ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৫,০৩,৩৯,৫২৬.৯৯ টাকা (পাঁচ কোটি তিন লক্ষ উনচল্লিশ হাজার পাঁচশত ছাব্বিশ টাকা এবং নিরানব্বই পয়সা)** সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকত দরপত্র আহ্বান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

**(ক)** জেলাঃ গাজীপুর, থানাঃ টঙ্গী, সাব-রেজিস্ট্রি অফিস- টঙ্গী, মৌজাঃ দত্তপাড়া –তে অবস্থিত ৬.৬০ শতাংশ জমি। জে.এল নংঃ সি.এস- ১৩৮ এবং এস.এ-১৫৫, আর.এস- ৪২, খতিয়ান নং- সি.এস- ২১৫, এস.এ- ৩৪৭ আর.এস- ৭৪৪; দাগ নংঃ সি.এস -৭৩৭ এবং এস.এ – ৭৩৭, আর.এস- ১০৯৬, মিউটেশন কেস নং- ১১২৯, তারিখ-২৭-০৮-১৯৯২, যাহা গাজীপুর সিটি কর্পোরেশন এলাকাধীন ।

**(খ)** জেলাঃ **গাজীপুর**, থানাঃ টঙ্গী, সাব-রেজিস্ট্রি অফিস- টঙ্গী, মৌজাঃ আউচপাড়া –তে অবস্থিত ৪.৯৫ শতাংশ জমি। জে.এল নংঃ সি.এস- ১০৯ এবং এস.এ-১০৯, আরএস- ৪১; খতিয়ান নং- সি.এস- ১৪৭, এস.এ- ২১০ আর.এস-১২৩; দাগ নংঃ সি.এস -৮৯ এবং এস.এ –৮৯, আর.এস- ১৯২, মিউটেশন কেস নং- ৪০০৪ তারিখ-১১-০৯-২০০৫, যাহা গাজীপুর সিটি কর্পোরেশন এলাকাধীন ।

**(গ)** জেলাঃ **গাজীপুর**, থানাঃ **সদর**, সাব-রেজিস্ট্রি অফিস- সদর গাজীপুর, মৌজাঃ- ঝাজর –তে অবস্থিত ৮.২৫ শতাংশ জমি। জে.এল নংঃ এস.এ-১০, আর.এস- ১০, খতিয়ান নং- সি.এস- ৭৪, এস.এ- ৯৮ আর.এস-৩১৫; দাগ নংঃ সি.এস -৮২৫ এবং এস.এ –৮২৫, আর.এস- ১০৩৭, মিউটেশন কেস নং - ১১০৪৭ তারিখ-১৯-০৫-২০০৪, যাহা গাজীপুর সিটি কর্পোরেশন এলাকাধীন ।

**(ঘ)** জেলাঃ গাজীপুর, থানাঃ টঙ্গী, সাব-রেজিস্ট্রি অফিস- টঙ্গী, মৌজাঃ- দত্তপাড়া –তে অবস্থিত ২.২৫ শতাংশ জমি। জে.এল নংঃ সি.এস ,এস.এ- ১৩৮, আর.এস- ৪২, খতিয়ান নং- সি.এস- ২৩২, এস.এ- ৩৯১ আর.এস-১০; দাগ নংঃ সি.এস এবং এস.এ -৬৮৯, আর.এস- ১২৫৯, মিউটেশন খতিয়ান নং ও হোল্ডিং নং – ৩৯১/১০/কাত[১৪৩৪] এবং ১০১০৭, যাহা গাজীপুর সিটি কর্পোরেশন এলাকাধীন ।

**নিলামের শর্তাবলী ঃ-**

১। **আগামী ০৪/০৬/২০২৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে** ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, টঙ্গী শাখা, টঙ্গী, গাজীপুর এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, টঙ্গী শাখার অনুকলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকলে নিলামকত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্গান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, টঙ্গী শাখা,**
**টঙ্গী, গাজীপুর।**